



আমার দেশ

বাংলাদেশ প্রতিদিন

আল্লামা সাঈদী স্মরণে ঢাবিতে আলোচনা সভা ও আলোকচিত্র প্রদর্শনী

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

বাংলাদেশ জামায়াতে ইসলামীর সাবেক নায়েবে আমির আল্লামা দেলাওয়ার হোসাইন সাঈদী স্মরণে ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) আলোচনা সভা ও আলোকচিত্র প্রদর্শনীর আয়োজন করেছে বিশ্ববিদ্যালয় শাখা ইসলামী ছাত্রশিবির। গতকাল শনিবার দুপুর ২টায় মধুর ক্যান্টিনের সামনে 'আল্লামা সাঈদীর রায় : ন্যায়হুই বিচার, গণহত্যা ও আওয়ামী সন্ত্রাস' শীর্ষক এ কর্মসূচি অনুষ্ঠিত হয়।

২০১৩ সালের ২৮ ফেব্রুয়ারি মানবতাবিরোধী অপরাধের অভিযোগে আল্লামা সাঈদীর বিরুদ্ধে মৃত্যুদণ্ডের রায় দেয় আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল আদালত। এ রায়ের প্রতিবাদে সারা দেশে বিক্ষোভ ছড়িয়ে পড়ে। এতে আইনশৃঙ্খলা বাহিনীর দমন অভিযানে শতাধিক বিক্ষোভকারী নিহত হন।

আল্লামা সাঈদীর বিরুদ্ধে 'ন্যায়হুই রায়ের' এ দিবসটি স্মরণে গতকাল ঢাবি ছাত্রশিবিরের কর্মসূচি পালিত হয়।

আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন ঢাকা-১৪ আসনের সংসদ সদস্য ব্যারিস্টার মীর আহমেদ বিন কাসেম আরমান। বিশেষ

অতিথি ছিলেন পাবনা-২ আসনের সংসদ সদস্য ব্যারিস্টার নাজিবুর রহমান মোমেন, রংপুর-৬ আসনের সংসদ সদস্য নুরুল আমিন ও রংপুর-২ আসনের সংসদ সদস্য রায়হান সিরাজী।

এছাড়া অনুষ্ঠানে বক্তব্য দেন ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (ডাকসু) ভিপি আবু সাদিক কায়ুম।

বক্তব্যে ভিপি সাদিক কায়ুম বলেন, 'জুডিশিয়াল কিলিংয়ের রায়ের প্রতিবাদে ২৮ ফেব্রুয়ারি যে গণআন্দোলন শুরু হয়েছিল, তা দেশের রাজনৈতিক ইতিহাসে গুরুত্বপূর্ণ অধ্যায় হয়ে আছে। ফ্যাসিবাদের রক্তচক্ষু উপেক্ষা করে তারা রাজপথে জীবন দিয়েছিলেন।'

বক্তব্যে সে সময় আন্দোলনে নিহতদের রাষ্ট্রীয় স্বীকৃতির দাবি জানান তিনি।

প্রধান অতিথির ভাষণে ব্যারিস্টার আরমান জানান, তিনি সাঈদীর পাশে গঠিত অহিনজীবী টিমের সদস্য ছিলেন। বিচার প্রক্রিয়া এবং রায় ঘোষণার দিনের বিভিন্ন অভিজ্ঞতার কথা তুলে ধরে তিনি বলেন, মামলার কার্যক্রম চলাকালে আইন পরিবর্তন এবং সাক্ষ্য-প্রমাণ উপস্থাপন নিয়ে নানা বিতর্ক ছিল।

মধুর ক্যান্টিনে সাঈদীকে নিয়ে শিবিরের আলোচনা ও আলোকচিত্র প্রদর্শনী

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

একাত্তরের মুক্তিযুদ্ধে সংঘটিত মানবতাবিরোধী অপরাধের দায়ে দণ্ডিত দেলাওয়ার হোসাইন সাঈদীকে নিয়ে প্রথমবারের মতো ঢাকা বিশ্ববিদ্যালয়ে আলোচনা সভা ও আলোকচিত্র প্রদর্শনী অনুষ্ঠিত হয়েছে। শনিবার (২৮ ফেব্রুয়ারি) দুপুরে বিশ্ববিদ্যালয় শাখা বাংলাদেশ ইসলামী ছাত্রশিবিরের আয়োজনে মধুর ক্যান্টিনের সামনে 'আল্লামা সাঈদীর রায় : ন্যায়হুই বিচার, গণহত্যা ও আওয়ামী সন্ত্রাস' শীর্ষক এ কর্মসূচি অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বক্তব্য দেন ডাকসু ভিপি আবু সাদিক কায়ুম। তিনি দাবি করেন, সাঈদীর আদর্শ ও সংগ্রামের ধারাবাহিকতায় ২০২৪ সালের জুলাই গণ অভ্যুত্থান সংগঠিত হয়েছে। তার বক্তব্য অনুযায়ী, জুলাইয়ের আন্দোলনে নিহতদের জীবনীতে সাঈদীর প্রভাব লক্ষ্য করা যায় এবং ২৮ ফেব্রুয়ারি ছিল সেই আন্দোলনের একটি গুরুত্বপূর্ণ ডিট্রি। তিনি ২০১৩ সালের ২৮ ফেব্রুয়ারির ঘটনাকে স্মরণ করে বলেন, রায় ঘোষণার পর সেদিন সারা দেশে সহিংসতা ছড়িয়ে পড়ে। ওই দিনের নিহতদের রাষ্ট্রীয় সম্মাননা ও স্বীকৃতি দেওয়ার দাবি জানান তিনি।



DU in Media

১৬ ফাল্গুন ১৪৩২

01 March 2026

প্রতিদিনের বাংলাদেশ

ভোরের আকাশ

